

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রিভারপেস্ট টিকা শাখা

প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।

১। শাখার নাম : রিভারপেস্ট টিকা শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।

শাখার উদ্দেশ্য

- ছাগল-ভেড়ার পিপিআর টিকা উৎপাদন।
- ছাগল-ভেড়ার পিপিআর টিকা বিতারণ।
- পিপিআর টিকা বীজ সংরক্ষণ।
- মাঠ পর্যায়ে পিপিআর টিকার মান যাচাই ও তদারকি করণ।
- ২০৩০ সালের মধ্যে দেশকে পিপিআর রোগ মুক্ত করা।
- টিকার মান উন্নয়ন করা।
- লিফলেট, পোস্টার এবং গণমাধ্যমে প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি করা।

শাখার কার্যাবলী :

গরু মহিয়ের মারাত্মক ক্ষতিকর ভাইরাল রোগ রিভারপেস্ট নির্মূল হবার পর ২০০১ সাল থেকে
রিভারপেস্ট টিকা শাখায় ছাগল-ভেড়ার মারাত্মক ভাইরাল রোগ পিপিআর (Peste Des Petits
Ruminants) এর টিকা উৎপাদন শুরু হয়।

- জীবানুমূক্ততা পরীক্ষাকরণঃ

টিকা তৈরির জন্য টিস্যু কালচার করার পূর্বে ব্যবহৃত সকল ক্যামিকেলস ও রিএজেন্ট
ডায়াগনোস্টিক ল্যাবে বিভিন্ন ব্যাকটেরিয়াল ও ফাঞ্জাল মিডিয়ায় পরীক্ষা করে জীবানুমূক্ততা যাচাই
করা হয়।

- **টিস্যু কালচারঃ**

টিস্যু কালচারের মাধ্যমে গুণগত মান সম্পন্ন পিপিআর টিকা উৎপাদন করা হয়।

- **পিবিএস উৎপাদনঃ**

অটোমেটিক সিলিং, ফিলিং ও রাবার স্টপারিং মেশিন দ্বারা সংযোগিতভাবে পিবিএস (ফসফেট বাফার সল্যুশান) উৎপাদন করা হয়।

- **ডিস্টিল্ড ওয়াটার উৎপাদনঃ**

সিঙ্গেল ও ডাবল ডিস্টিল্ড ওয়াটার প্ল্যান্ট এর মাধ্যমে শাখার জন্য প্রয়োজনীয় ডিস্টিল্ড ওয়াটার প্রস্তুত করা হয়।

- **সরবরাহঃ**

প্রস্তুতকৃত টিকা ভায়াল ও পিবিএস বোতল লেবেলিং করার পর চাহিদা, আনুযায়ী বিভিন্ন জেলায় সরবরাহ করা হয়।

- **রিপোর্ট প্রদানঃ**

প্রতিদিন টিকা বিতরণের শেষে একটি দৈনিক টিকা বিতরণ রিপোর্ট ও প্রতি মাসে একটি মাসিক টিকা বিতরণ রিপোর্ট পরিচালক (গবেষণা, প্রশিক্ষণ ও মূলায়ণ) বরাবর প্রদান করা হয়।

- **পিপিআর টিকার সংক্ষিপ্ত বর্ণনাঃ**

পিপিআর এর টিকার মাস্টার সীড়ি:	শহীদ টিটু স্টেইন।
অরিজিন:	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
সরবরাহ:	এই টিকা ৩ এম.এল ভায়ালে ১ এম.এল সরবরাহ করা হয়। সাথে ১০০ এম.এল ডাইল্যুয়েন্ট সরবরাহ করা হয়।
টিকা প্রয়োগ বিধি:	টিকা প্রয়োগ করার সময় ডাইল্যুয়েন্টের সাথে মিশিয়ে ১ এম.এল চামড়ার নীচে প্রয়োগ করতে হয়। বাচ্চার বয়স ৪ মাস হলে এই টিকা দেয়া যায়। ২ মাস বয়সের বাচ্চাকেও

	এই টিকা দেয়া যায়, এক্ষেত্রে ৬ মাস বয়সে পুনরায় এই টিকা দিতে হবে। একবার প্রয়োগ করা হলে লাইফ লং রোগ প্রতিরোধ ক্ষমতা দেয়।
টিকা সংরক্ষণ :	এই টিকা +২ থেকে +৮ সেং তাপমাত্রায় সংরক্ষণ করতে হবে। টিকাটি -২০ সেং তাপমাত্রায় ২ বছর সংরক্ষণ করা যায়।
টিকা প্রয়োগ এর ক্ষেত্রে সর্তকতা	প্রসবের ১৫ দিন পূর্বে গর্ভবতী ছাগল/ ভেড়াকে এই টিকা দেয়া যাবে না।

- **শাখা ব্যবস্থাপনা :**

সকল কর্মকর্তা/ কর্মচারীরদের মধ্যে কর্মবন্টন, বিভিন্ন পত্র প্রাপ্তি ও পত্র জারি রেজিস্টার, হাজিরা খাতা, পরিদর্শন রেজিস্টার, নেমিন্টিক ছুটি রেজিস্টার, এব নথি সংরক্ষণ ও ব্যাবস্থাপনার মাধ্যমে রিভারপেস্ট টিকা শাখা ব্যবস্থাপনা করা হয়ে থাকে।

